

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


নং-১২.০৩১.০৪০.০২.০১.৮২.২০১৪-২৮৩

তারিখঃ ১২/১০/২০১৪ খ্রিঃ

বিষয় : নকল সার ও কীটনাশক বিক্রয়কারী অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে সবজি উৎপাদনের মৌসুম শুরু হচ্ছে এবং কিছু দিনের মধ্যে বোরো মৌসুম শুরু হবে। বছরের এ সময়ে কৃষকরা পর্যাপ্ত সার ও কীটনাশক ব্যবহার করে থাকে। কিছু কিছু অসাধু ব্যবসায়ী এদেশের সহজ, সরল কৃষকদের প্রতারিত এবং অধিক মুনাফার উদ্দেশ্যে নিম্ন মানের ভেজাল সার ও কীটনাশক স্বল্প মূল্যে বাজারজাত করছে মর্মে বিভিন্ন পত্র পত্রিকায় খবর প্রকাশিত হচ্ছে। এরূপ ভেজাল/নিম্ন মানের সার ও কীটনাশক ব্যবহার করে কৃষকগণের প্রতারিত হওয়ার পাশাপাশি দেশের কৃষি উৎপাদনে এর বিরূপ প্রভাব পড়ার আশংকা রয়েছে। বিষয়টি মন্ত্রণালয়ের গোচরীভূত হয়েছে।

অসাধু ব্যবসায়ীদের এরূপ অপতৎপরতা রোধ কল্পে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের আরো অধিক নজরদারী ও তদারকি বৃদ্ধি সহ সার ব্যবস্থাপনা আইনের আওতায় দোষীদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
(কৃষি অর্থনীতিবিদ)
ফোনঃ ৯৫৪০৬০৬

বিতরণঃ

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ২। জেলা প্রশাসক.....(সকল)। (তাঁর জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের বিষয়টি অবহিত করণসহ প্রয়োজন বোধে মোবাইল কোর্টের মাধ্যমে দোষীদের শাস্তি নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

অনুলিপিঃ

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।